



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৮, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৯ ইং/১২ই আশ্বিন, ১৪০৬ বাং

এস, আর, ও নং -২৮৪-আইন-/৯৯-Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর section 82 তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার এতদুদ্দেশ্যে প্রণীত সকল বিদ্যমান বিধিমালা ব্যতিক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল এবং এই মর্মে ঘোষণা করিল যে, প্রস্তাবিত বিধিমালার ব্যাপারে কাহারো কোন আপত্তি বা মন্তব্য থাকিলে তিনি তাহা লিখিতভাবে অত্র প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে সাত দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে দাখিল করিলে বিবেচনা করা হইবে।

অধ্যায় ১

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা অভ্যন্তরীণ জাহাজ (ফ্রি বোর্ড) বিধিমালা, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,

(ক) "অধ্যাদেশ" অর্থ the Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976);

(খ) "অভ্যন্তরীণ জলপথ" অর্থ অধ্যাদেশের section 2(f) এ সংজ্ঞায়িত "inland ship";

(গ) "উন্মুক্ত জাহাজ" অর্থ ওয়েদার ডেক বিহীন জাহাজ;

(ঘ) "উন্মুক্ত যাত্রীবাহী লঞ্চ" অর্থ ১২ জনের অধিক যাত্রী বহনে ব্যবহৃত উন্মুক্ত জাহাজ;

(ঙ) "জাহাজ" বা "অভ্যন্তরীণ জলপথ" অর্থ অধ্যাদেশের section 2(e) তে সংজ্ঞায়িত "inland ship";

(চ) "টাগ" অর্থ জাহাজ বা ভাসমান সরঞ্জাম টানিয়া আনা বা ঠেলিয়া নেওয়ার কাজে ব্যবহারের উদ্দেশ্যে নির্মিত জলযান;

- (ছ) "ট্যাংকার" অর্থ ট্যাংকে বা আধারে প্রচুর পরিমাণ তরল পদার্থ বহনের জন্য ব্যবহৃত অভ্যন্তরীণ জাহাজ :
- (জ) "ড্রাফট" অর্থ জাহাজের (L) মাঝা মাঝি স্থানে জাহাজের তলির কিনারা এবং বোঝাই জলরেখার (Load Water Line) মধ্যকার উল্লম্ব দূরত্ব :
- (ঝ) "দৈর্ঘ্য (L)" অর্থ লোড ওয়াটার লাইনে (বোঝাই জলরেখা) জাহাজের অগ্রভাগ এর সম্মুখ প্রান্ত হইতে রাতার পোষ্ট এর পশ্চাৎপ্রান্ত অথবা জাহাজে রাতার পোষ্ট না থাকে, তাহা হইলে রাতার স্টেমার কেন্দ্র পর্যন্ত দূরত্ব :
- (ঞ) "নতুন জাহাজ" অর্থ এই বিধিমালা কার্যকর হওয়ার পরে নিবন্ধকৃত কোন জাহাজ :
- (ট) "নিরাপত্তা দুরত্ব" অর্থ পানি বিরোধী ফ্রি বোর্ড, ডেকবিহীন জাহাজ বা ভাসমান সরঞ্জামের গভীরতা :
- (ঠ) "ফ্রি বোর্ড ডেক" অর্থ সর্বোপরিস্থ আবহাওয়ারোধী বা পানিরোধী ডেক :
- (ড) "বর্ষব্যাপী অশান্ত জলসীমা" অর্থ অভ্যন্তরীণ জলপথে সেই অংশ যাহা কর্তৃপক্ষ কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বর্ষব্যাপী অশান্ত জলসীমা বলিয়া ঘোষণা করা হয় :
- (ঢ) "বর্ষব্যাপী শান্ত জলসীমা" অর্থ অভ্যন্তরীণ জলপথে সেই অংশ যাহা কর্তৃপক্ষ কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বর্ষব্যাপী শান্ত জলসীমা বলিয়া ঘোষণা করা হয় :
- (ণ) "ভাসমান সরঞ্জাম" অর্থ ড্রেজার, ভাসমান ক্রেন, ইত্যাদির মত স্বচালিত নহে এমন বিবিধ সরঞ্জাম যাহা ভাসমান অবস্থায় বিভিন্ন কাজ করিবার জন্য ব্যবহৃত হয় :
- (ত) "মাছ ধরার নৌযান" অর্থ মাছ ধরিবার কাজে ব্যবহৃত বা তদুদ্দেশ্যে নির্মিত জাহাজ :
- (থ) "মালবাহী জাহাজ" অর্থ মালামাল এবং অনধিক ১২ জন যাত্রী বহনের জন্য ব্যবহৃত স্ব-প্রচালিত জাহাজ :
- (দ) "মৌসুমী অশান্ত জলসীমা" অর্থ অভ্যন্তরীণ জলপথে সেই অংশ যাহা কর্তৃপক্ষ কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আংশিক অশান্ত জলসীমা বলিয়া ঘোষণা করা হয় :
- (ধ) "যাত্রী" অর্থ অভ্যন্তরীণ জাহাজের আরোহীদের মধ্যে জাহাজের মাস্টার, অফিসার ও নাবিক ব্যতীত যে কোন ব্যক্তি, তবে এক বৎসরের কম বয়সী শিশু যাত্রী অন্তর্ভুক্ত হইবে না :
- (নে) "যাত্রীবাহী জাহাজ" অর্থ ১২ জনের অধিক যাত্রীবহনে ব্যবহৃত ওয়েদার ডেক সম্বলিত জাহাজ এবং একাধিক ডেক বিশিষ্ট জাহাজও ইহার অন্তর্ভুক্ত হইবে :
- (প) "সড়ক ফেরী" অর্থ ১২ বা উহার অধিক যাত্রী বা এক বা একাধিক যানবাহন পারাপারে নিয়োজিত উন্মুক্ত ক্লাশ ডেক জাহাজ :
- (ফ) "সার্ভিস নৌযান" অর্থ যাত্রীবাহী জাহাজ, মালবাহী জাহাজ, ট্যাংকার বা মাছ ধরার নৌযান নহে এমন স্ব-প্রচালিত জাহাজ যাহা বিশেষ দায়িত্ব সম্পাদনের জন্য নির্মিত।

৩। প্রয়োগ।—ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, এই বিধিমালা আকার ও প্রকার নির্বিশেষে সকল জাহাজ ও ভাসমান সরঞ্জামের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

অধ্যায়-২
চিহ্নিতকরণ

৪। চিহ্নিতকরণ।—(১) ফ্রি বোর্ড এবং বোকাই রেখা (load line) চিহ্নিত জাহাজ বা ভাসমান সরঞ্জামের উভয় পার্শ্বে বালাই, খোদাই বা কাটা নকশার সাহায্যে চিহ্নিত করিতে ও আকিয়া দিতে হইবে এবং জাহাজের মধ্যস্থলে স্থাপন করিতে হইবে।

(২) এই চিহ্নসমূহ গাঢ় পটভূমিতে সাদা এবং হালকা পটভূমিতে কালো হইতে হইবে।

(৩) নিম্নবর্ণিত চিহ্নগুলী প্রয়োগ করিতে হইবে, যথা :—

(ক) ফ্রি বোর্ড লাইন হইবে ৪৫০ মিলিমিটার দীর্ঘ ও ২৫ মিলিমিটার প্রশস্ত একটি আনুভূমিক রেখা যাহার উর্দ্ধ প্রান্ত থাকিবে শান্ত পানিতে সর্বাধিক অনুমোদিত ড্রাফট (draught) এ এবং উহা সরাসরি ডেক লাইনের নীচে অবস্থিত থাকিবে ;

(খ) লোড লাইন ডিক্স হইবে ৩০০ মিলিমিটার বুর্হিব্যাস ও ২৫ মিলিমিটার প্রশস্ত বিশিষ্ট একটি বৃত্ত। ফ্রি বোর্ড লাইনের উর্দ্ধ প্রান্ত লোড লাইন ডিক্স এর কেন্দ্রের ভিতর দিয়া অতিক্রম করিবে ;

(গ) জাহাজের যদি অনেকগুলি ফ্রি বোর্ড থাকে তবে উক্ত ফ্রি বোর্ডসমূহ ১৫০ মিলিমিটার দীর্ঘ ও ২৫ মিলিমিটার প্রশস্ত রেখা দ্বারা চিহ্নিত করিতে হইবে, যাহার উর্দ্ধ প্রান্ত প্রকৃতপক্ষে অনুমোদিত সর্বাধিক ড্রাফট এ এবং শান্ত জলসীমা ফ্রি বোর্ডের সম্মুখভাগে থাকিবে। ভিন্ন ভিন্ন ফ্রি বোর্ড এর চিহ্ন ২৫ মিলিমিটার প্রশস্ত উল্লম্ব বা খাড়া (vertical) রেখার দ্বারা সংযুক্ত করিতে হইবে ;

(ঘ) ভিন্ন ভিন্ন ফ্রি বোর্ড একটি অক্ষর দ্বারা ফ্রি বোর্ড লাইনের সম্মুখপ্রান্তে চিহ্নিত করিতে হইবে, উক্ত অক্ষর ৫ মিলিমিটার পুরু রেখাসহ অনূনা ৫০×৩০ মিলিমিটার আকারের হইতে হইবে এবং চিহ্নিত করার নমুনা হইবে নিম্নরূপ, যথা :—

(অ) শান্ত জলরাশির জন্য অক্ষর S

(আ) অশান্ত জলরাশির জন্য অক্ষর R

(ঙ) ড্রাফট (draught) চিহ্নসমূহ জাহাজের উভয় পার্শ্বে জাহাজের অগ্রভাগের স্টেম (Stem) ও জাহাজের পশ্চাদভাগে উল্লম্ব বা খাড়াভাবে স্থায়ীরূপে চিহ্নিত করিতে হইবে। মেট্রিক পদ্ধতিতে প্রত্যেক মিটার ড্রাফট (draught) নিম্ন প্রান্ত প্রকৃত ড্রাফট (draught) এ রাখিয়া ১৫ সেন্টিমিটার উচ্চ ও ১৫ মিলিমিটার পুরু ইংরেজী সংখ্যা দ্বারা এবং ড্রাফট (draught) এর প্রত্যেক ২০ সেন্টিমিটারের মধ্যে নিম্ন প্রান্ত প্রকৃত ড্রাফট-এ রাখিয়া ১০ সেন্টিমিটার উচ্চ ও ১০ মিলিমিটার পুরু ইংরেজী সংখ্যা দ্বারা চিহ্নিত করিতে হইবে। ড্রাফট (draught) যদি ফুট হিসাবে চিহ্নিত করা হয়, তাহা হইলে প্রত্যেক ফুট এর নিম্ন প্রান্ত প্রকৃত ড্রাফট (draught) এ রাখিয়া ৬ ইঞ্চি উচ্চ ও ১ ইঞ্চি পুরু সংখ্যা দ্বারা চিহ্নিত করিতে হইবে।

অধ্যায়-৩
কাঠামোগত যোগ্যতা

৫। প্রয়োগ।—এই অধ্যায় শুধুমাত্র নতুন জাহাজ ও ভাসমান সরঞ্জামসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৬। দরজা ও সিল(Sills)।—দেওয়াল বা পরিকাঠামোর যেইসব প্রবেশদ্বার দিয়া ফ্রি বোর্ড ডেক এর নীচের স্থানসমূহে প্রবেশ করা যায় সেইসব প্রবেশদ্বার পানিরোধী বা আবহাওয়ারোধী হইতে হইবে এবং উহার সিল (sills) উচ্চতা অন্ত্য ১৫০ মিলিমিটার হইতে হইবে। টাঙ্গনসমূহে সিল (sills) উচ্চতা অন্ত্য ৩০০মিলিমিটার হইতে হইবে। তবে, চট্টগ্রাম এর জন্য নির্মিত নৌমানের ক্ষেত্রে সিলের পরিমাণ অন্ত্য ৪৫০ মিলিমিটার হইতে হইবে।

৭। প্রবেশ হ্যাচ।—ফ্রি বোর্ড ডেক এর নীচের সকল প্রবেশ হ্যাচ পানিরোধী হইতে হইবে এবং উহাতে অন্ত্য ৪৫০ মিলিমিটার উচ্চতা বিশিষ্ট কোমিং (coaming) থাকিতে হইবে।

৮। পোর্ট হোল ও কাইলাইট।—ফ্রি বোর্ড ডেক এর নীচের স্থানসমূহে প্রবেশ করিবার উপযুক্ত সকল পোর্ট হোল ও কাইলাইট আবহাওয়ারোধী হইতে হইবে। ফ্রি বোর্ড ডেক এর নীচে কোন জানালা থাকিবে না।

৯। কার্গো হ্যাচ কোমিং।—কার্গো হ্যাচ কোমিংসমূহের উচ্চতা অন্ত্য ৪৫০ মিলিমিটার হইতে হইবে। তবে, চট্টগ্রাম এর জন্য নির্মিত নৌমানের ক্ষেত্রে কার্গো হ্যাচ কোমিংসমূহের উচ্চতা অন্ত্য ৭৫০ মিলিমিটার হইতে হইবে।

১০। হ্যাচ-ঢাকনা(hatch cover)।—কার্গো হ্যাচ ঢাকনাসমূহ মজবুত, দৃঢ় ও রৌদ্র, বাতাস, ঝড় বা দুর্ভাগ্যে ক্ষতিগ্রস্ত হইবে না এইরূপ আবহাওয়ারোধী হইতে হইবে।

১১। বায়ু-নল(air pipe)।—টাংকসমূহে প্রবিষ্ট বায়ুনলসমূহ ফ্রি বোর্ড এবং এর উপরে অন্ত্য ৪৫০ মিলিমিটার পর্যন্ত প্রসারিত থাকিতে হইবে এবং উক্ত বায়ুনলসমূহ goose necks এর সহিত সংযুক্ত থাকিতে হইবে। তবে, চট্টগ্রাম এর জন্য নির্মিত নৌমানের ক্ষেত্রে বায়ুনলসমূহ অন্ত্য ৭৫০ মিলিমিটার হইতে হইবে।

১২। স্কাপার (Scupper)এবং ফ্রিইং পোর্ট(Freeing Port)।—ডেক হইতে পানি নিষ্কাশনের জন্য জাহাজের স্কাপার ও ফ্রিইং পোর্টসমূহ এবং বুলওয়ার্ক (bulworks) অভ্যন্তরীণ সমুদ্র পরিবহন নির্মাণ নির্দেশ-মালা অনুযায়ী পর্যাপ্ত আকারের হইতে হইবে।

অধ্যায়-৪

ফ্রি-বোর্ড এবং নিরাপত্তা দুর্ভাগ্য

১৩। যাত্রীবাহী জাহাজ এবং উন্মুক্ত যাত্রীবাহী লঞ্চ।—(১) শান্ত সময়ের বারমাসে প্রশান্ত জলে এবং স্বত্বভিত্তিক অশান্ত জলে চলমান আবহাওয়া ডেকের যাত্রীবাহী জাহাজের জন্য অন্ত্য ফ্রি বোর্ড ৩০০ মিলিমিটার হইবে। শান্ত সময়ের বারমাসে প্রশান্ত জলে এবং স্বত্বভিত্তিক অশান্ত জলে চলমান উন্মুক্ত যাত্রীবাহী লঞ্চের (আবহওয়ার ডেক ছাড়া) জন্য নিরাপত্তা দুর্ভাগ্য অন্ত্য ৫০০ মিলিমিটার হইবে।

(২) জাহাজের ফ্রি বোর্ড International Load Line Convention, 1966 এর চাহিদা মোতাবেক অথবা নিম্নবর্ণিত উপায়ে হিসাব করিতে হইবে, যথাঃ—

মিলিমিটারে ফ্রি বোর্ড নির্ধারণ(F)

(ক) জাহাজের দৈর্ঘ্য (L) ২৪ মিটার পর্যন্ত $F = ৩০০$ মিলিমিটার

(খ) জাহাজের দৈর্ঘ্য(L) $২৪ < L \leq ৪৫$ মিটার: $F = ৮ \times (L - ২৪) + ৩০০$ মিলিমিটার

(গ) জাহাজের দৈর্ঘ্য(L) $৪৫ < L \leq ৫৫$ মিটার: $F = ৯ \times (L - ২৪) + ৩০০$ মিলিমিটার

(ঘ) জাহাজের দৈর্ঘ্য(L) $৫৫ < L \leq ৬০$ মিটার: $F = ১০ \times (L - ২৪) + ৩০০$ মিলিমিটার

১৪। যাত্রী/মোটর গাড়ী*ফেরী।—যাত্রী/মোটরগাড়ী ফেরীসমূহ কেবল বর্ষব্যাপী শান্ত জলসীমায় পারাপার করিবে। ফ্রি বোর্ড প্রশস্ততার(B) ৫% বা ৫০০ মিলিমিটার, যাহা বৃহত্তর হইবে, এর কম হইতে পারিবে না।

১৫। সড়ক ফেরী।—সড়ক ফেরী কেবল বর্ষব্যাপী শান্ত জলসীমায় পারাপার করিবে। ফ্রি বোর্ড প্রশস্ততার (B) ৫% বা ২৫০ মিলিমিটার, যাহা বৃহত্তর হইবে, এর কম হইতে পারিবে না।

১৬। মালবাহী জাহাজ।—(১)বর্ষব্যাপী শান্ত জলসীমায় ও মৌসুমী অশান্ত জলসীমায় মালবাহী জাহাজসমূহে ফ্রি বোর্ড অন্যান্য ১৫০ মিলিমিটার হইবে। যদি বর্তমানে ব্যবহৃত জাহাজগুলি হ্যাচ কোমিং ৪৫০ মিলিমিটার এর কম থাকে তাহা হইলে, হ্যাচ কোমিংসমূহ ৪৫০ মিলিমিটার হইতে যে পরিমাণ কম, ফ্রি বোর্ড ঠিক সে পরিমাণ বৃদ্ধি করিতে হইবে :

শর্ত থাকে যে, চট্টগ্রাম এর ফেরী এই হ্যাচ কোমিং এর উচ্চতা ৬০০ মিলিমিটার এর কম হইবে না।

(২) বর্ষব্যাপী অশান্ত জলসীমায় ও মৌসুমী অশান্ত জলসীমায় অশান্ত সময়কালে উপ-ধারা (১) এ বিনির্দেশিত ফ্রি বোর্ড ১০০ মিলিমিটার বৃদ্ধি করিতে হইবে।

১৭। ট্যাংকার।—(১) বর্ষব্যাপী শান্ত জলসীমায় ও মৌসুমী অশান্ত জলসীমায় শান্ত সময়কালে মালবাহী জাহাজসমূহে ফ্রি বোর্ড অন্যান্য ৫০ মিলিমিটার হইতে হইবে। বিদ্যমান ট্যাংকগুলির প্রবেশ হ্যাচ কোমিংসমূহ যদি ৪৫০ মিলিমিটার এর কম হয়, তাহা হইলে ফ্রি বোর্ড এই পার্থকের ৫০%পরিমাণে বৃদ্ধি করিতে হইবে।

(২) বর্ষব্যাপী অশান্ত জলসীমা ও মৌসুমী অশান্ত সময়কালে উপ-বিধি(১) এ বিনির্দেশিত ফ্রি বোর্ড ৫০ মিলিমিটার বৃদ্ধি করিতে হইবে।

১৮। টাগ।—বর্ষব্যাপী অশান্ত জলসীমা ও মৌসুমী শান্ত জলসীমায় শান্ত স্বত্বতে টাগ এ ফ্রি বোর্ড প্রশস্ততার (B) কমপক্ষে ৫% হইতে হইবে, তবে ২৫০ মিলিমিটারের কম হইতে পারিবে না।

(২) বর্ষব্যাপী অশান্ত জলসীমা ও মৌসুমী অশান্ত জলসীমায় অশান্ত স্বত্বতে উপ-বিধি (১) এ বিনির্দেশিত ফ্রি বোর্ড ১৫০ মিলিমিটার বৃদ্ধি করিতে হইবে।

১৯। সার্ভিস নৌযান।—সার্ভিস নৌযানসমূহের জন্য বিধি ১৩এর বিধান প্রযোজ্য হইবে :

তবে শর্ত থাকে যে, জাহাজ ১২ ডিগ্রি কাত হইয়া থাকা অবস্থায় ১০০ মিলিমিটার ফ্রি বোর্ড থাকিতে হইবে।

২০। ডায় বার্জ।—ডায় বার্জসমূহে ফ্রি বোর্ড প্রশস্ততা ৫% হইতে হইবে, তবে তাহা ২০০ মিলিমিটারের কম হইতে পারিবে না। যদি হ্যাচ কোমিং এর উচ্চতা ৪৫০ মিলিমিটারের কম হয়, তাহা হইলে ফ্রি বোর্ড উক্ত পার্থকের ৫০% বৃদ্ধি করিতে হইবে। যদি বার্জ অশান্ত জলসীমায় চালনা করা হয়, তবে ফ্রি বোর্ড উপযুক্ত প্রয়োজনের উপর আরো ৫০% বৃদ্ধি করিতে হইবে।

২১। পল্টুন।—ন্যূনতম ফ্রি বোর্ড পল্টুন এর প্রশস্ততার ৫% হইতে হইবে।

২২। ভাসমান সরঞ্জাম।—ভাসমান সরঞ্জামের আকার ও প্রকারের উপর নির্ভর করিয়া এবং সরঞ্জামের নিরাপদ চালনার বিষয়টি বিবেচনায় রাখিয়া সরঞ্জাম ভেদে অভ্যন্তরীণ নিরাপত্তা প্রশাসন (ISSA) প্রয়োজনীয় ফ্রি বোর্ড নির্ধারণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মিয়া মুশতাক আহমদ

উপ-সচিব (জাহাজ)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।